# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১৮/২০১৮-১৯**

**ঢাকা, মঙ্গলবার, ২৪ জুলাই ২০১৮, ৯ শ্রাবণ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। চাকরিতে উদ্ভাবনী শক্তি কাজে লাগান : সরকারি কর্মচারীদের উদ্দেশে প্রধানমন্ত্রী

২। ডিসি সম্মেলন শুরু আজ : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৩। দিনাজপুরের বড়পুকুরিয়ায় কয়লা চুরির অভিযোগ তদন্তের নির্দেশ প্রধানমন্ত্রীর

৪। আগামী নির্বাচনে সবদল অংশ নেবে : ব্রিটিশ বাণিজ্যদূতকে প্রধানমন্ত্রীর আশাবাদ

৫। ব্রিটিশ নাগরিক জুলিয়ান ফ্রান্সিসকে বাংলাদেশের নাগরিকত্ব সনদ প্রদান করলেন প্রধানমন্ত্রী

৬। আমরা জনগণের জন্য কাজ করছি এবং করে যাব : আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটির সভায় প্রধানমন্ত্রী

৭। উন্নয়ন কাজে নারীকে বেশি করে সম্পৃক্ত করতে হবে : রংপুরে সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে স্পিকার

৮। জাপানিদের বাংলাদেশ সফরের ওপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহারের আহ্বান বাণিজ্যমন্ত্রীর

৯। ভুটানের জনগণের জন্য ২০ কোটি টাকার ওষুধ পাঠাচ্ছে বাংলাদেশ : স্বাস্থ্যমন্ত্রী

১০। উপযুক্ত প্রতিষ্ঠান ও দক্ষ শিক্ষকরাই এমপিও পাবেন : শিক্ষামন্ত্রী

১১। উদ্যোক্তাদের জন্য সরকার ঋণের ব্যবস্থা করছে : তথ্যমন্ত্রী

চলমান পাতা-২

**১। চাকরিতে উদ্ভাবনী শক্তি কাজে লাগান : সরকারি কর্মচারীদের উদ্দেশে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তৃণমূল জনগোষ্ঠীর জন্য নিজস্ব উদ্ভাবনী শক্তি কাজে লাগিয়ে আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করতে সরকারি কর্মচারীদের প্রতি আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী গতকাল (২৩ জুলাই সোমবার) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জাতীয় পাবলিক সার্ভিস দিবস উদ্‌যাপন এবং জনপ্রশাসন পদক-২০১৮ বিতরণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। প্রধানমন্ত্রী অনুষ্ঠানে ৩৯ জন ব্যক্তি ও তিনটি প্রতিষ্ঠানের মধ্যে জনপ্রশাসন পদক-২০১৮ বিতরণ করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**২। ডিসি সম্মেলন শুরু আজ : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

তিন দিনব্যাপী জেলা প্রশাসক (ডিসি) সম্মেলন শুরু হচ্ছে আজ। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকাল ১০টায় তাঁর কার্যালয়ের শাপলা হলে সম্মেলনের উদ্বোধন করবেন। এবার সম্মেলনে আলোচনার জন্য ৩৪৭টি প্রস্তাব পাঠিয়েছেন ডিসি ও বিভাগীয় কমিশনাররা। এ সম্মেলনে মোট ২২টি অধিবেশন হবে। এর মধ্যে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের সঙ্গে কার্যঅধিবেশন ১৮টি, এছাড়া একটি উদ্বোধন অনুষ্ঠান, একটি সমাপনী অনুষ্ঠান, একটি মুক্ত আলোচনা এবং রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ হবে। সচিবালয়ে গতকাল (২৩ জুলাই সোমবার) 'জেলা প্রশাসক সম্মেলন-২০১৮' নিয়ে সংবাদ সম্মেলনে মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) এনএম জিয়াউল আলম এসব তথ্য জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**৩। দিনাজপুরের বড়পুকুরিয়ায় কয়লা চুরির অভিযোগ তদন্তের নির্দেশ প্রধানমন্ত্রীর**

দিনাজপুরের বড়পুকুরিয়া কয়লাখনিতে কয়লা সংকট নিয়ে জ্বালানি প্রতিমন্ত্রীসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২৩ জুলাই সোমবার) সচিবালয়ে তিনি এ বৈঠক করেন। বৈঠকে খনিতে সৃষ্ট পরিস্থিতি সমাধানে কমিটি গঠন করে তদন্তের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। এদিকে কয়লা গায়েবের ঘটনা অনুসন্ধান করতে দুর্নীতি দমন কমিশন (দুদক) এর উপপরিচালক সামসুল আলমের নেতৃত্বে ৩ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। ইতোমধ্যে কয়লাখনি থেকে প্রায় ২শ' কোটি টাকার কয়লা গায়েবের অভিযোগ পায় দুদক। গতকাল (২৩ জুলাই সোমবার) কয়লাখনি পরিদর্শন করে নথিপত্র পর্যালোচনা করে খনির ইয়ার্ড থেকে ১ লাখ ৪৪ হাজার মেট্রিক টন কয়লা উধাও হওয়ার সত্যতা পেয়েছে দুদক। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৪। আগামী নির্বাচনে সবদল অংশ নেবে : ব্রিটিশ বাণিজ্যদূতকে প্রধানমন্ত্রীর আশাবাদ**

আগামী জাতীয় সংসদ নির্বাচনে সবদল অংশ নেবে বলে ব্রিটিশ প্রধানমন্ত্রীর বাংলাদেশবিষয়ক বাণিজ্যদূত রুশনারা আলীকে আশাবাদ জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ঢাকা সফররত রুশনারা আলী গতকাল (২৩ জুলাই সোমবার) প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আশাবাদ ব্যক্ত করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বর্তমান সরকারের আমলে নির্বাচন কমিশন ছয় হাজারের ওপর স্থানীয় এবং উপনির্বাচনের আয়োজন করেছে, এগুলো অবাধ ও সুষ্ঠু হয়েছে। এসব নির্বাচনে ক্ষমতাসীন দলের পাশাপাশি বিরোধী দলও জয়লাভ করেছে। রুশনারা আলী বলেন, বৃটেন বাংলাদেশের সঙ্গে দৃঢ় বাণিজ্যিক সম্পর্ক গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ। যুক্তরাজ্যের সঙ্গে বাণিজ্যের ক্ষেত্রে বাংলাদেশের ওপর প্রভাব ফেলবে না ব্রেক্সিট। তিনি বিভিন্ন আর্থসামাজিক সূচকে বাংলাদেশের উন্নতির প্রশংসা করেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮)।

**৫। ব্রিটিশ নাগরিক জুলিয়ান ফ্রান্সিসকে বাংলাদেশের নাগরিকত্ব সনদ প্রদান করলেন প্রধানমন্ত্রী**

একাত্তরে ভারতে আশ্রয় নেওয়া শরণার্থীদের সহায়তার মাধ্যমে মুক্তিযুদ্ধের বন্ধু হয়ে ওঠা ব্রিটিশ নাগরিক জুলিয়ান ফ্রান্সিস বাংলাদেশের নাগরিকত্ব পেয়েছেন। বাংলাদেশের নাগরিকত্ব পাওয়ার প্রত্যাশায় থাকা ব্রিটিশ নাগরিক জুলিয়ানকে গতকাল (২৩ জুলাই সোমবার) নাগরিকত্ব সনদ দেওয়া হয়েছে। গণভবনে এক অনুষ্ঠানে জুলিয়ানের হাতে

বাংলাদেশের নাগরিকত্ব সনদ তুলে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এসময় বাংলাদেশে অবস্থানকালীন জুলিয়ানের সেবামূলক কাজের প্রশংসা করেন প্রধানমন্ত্রী। নাগরিকত্ব সনদ পেয়ে জুলিয়ান বলেন, 'এটা আমার জন্য একটি বিরল সম্মান।' সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৮)।

**৬। আমরা জনগণের জন্য কাজ করছি এবং করে যাব : আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটির সভায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আমরা জনগণের জন্য কাজ করছি এবং করে যাব। গতকাল (২৩ জুলাই সোমবার) গণভবনে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের বৈঠকে সূচনা বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। বৈঠকে একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ইশতেহার, সারাদেশে সাংগঠনিক অবস্থা, রাজশাহী, বরিশাল ও সিলেট সিটি করপোরেশন নির্বাচন এবং ছাত্রলীগের কমিটি নিয়ে আলোচনা হয়। এছাড়াও শোকের মাস আগস্টে কর্মসূচি পালনের সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

**৭। উন্নয়ন কাজে নারীকে বেশি করে সম্পৃক্ত করতে হবে : রংপুরে সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে স্পিকার**

উন্নয়ন কর্মকাণ্ডে নারীদের বেশি করে সম্পৃক্ত করার আহ্বান জানিয়ে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, একজন নারীকে কর্মক্ষেত্রে অনেক বেশি দক্ষতার প্রমাণ দিতে হয়। নারীদের অনেক প্রতিবন্ধকতা রয়েছে। সব প্রতিবন্ধকতা দূর করে কর্মক্ষেত্রে উজ্জ্বল দৃষ্টান্ত রাখার সামর্থ্য নারীর আছে। গতকাল (২৩ জুলাই সোমবার) রংপুর জেলা পরিষদ কমিউনিটি সেন্টার মিলনায়তনে দুঃস্থ, অসহায় নারীদের মধ্যে বিনামূল্যে সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্পিকার এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮), অবজারভার (পৃ.১১,ক.১)।

**৮। জাপানিদের বাংলাদেশ সফরের ওপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহারের আহ্বান বাণিজ্যমন্ত্রীর**

জাপানিদের বাংলাদেশ সফরের ওপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহারসহ বিনিয়োগকারীদের বাংলাদেশে বিনিয়োগ করতে জাপানি ভাইস মিনিস্টারকে উদ্যোগ গ্রহণের আহবান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, নিষেধাজ্ঞা থাকার সঙ্গত কোনো কারণ নেই, এ বিষয়ে জাপান সরকার দ্রুত ব্যবস্থা গ্রহণ করলে বাংলাদেশ খুশি হবে। জাপান বাংলাদেশের ঘনিষ্ঠ বন্ধুরাষ্ট্র। উভয় দেশের বাণিজ্যিক ও অর্থনৈতিক সম্পর্ক দীর্ঘদিনের। আগামী দিনগুলোতে এ সম্পর্ক আরও জোরদার হবে। একইসঙ্গে তিনি জাপান ও বাংলাদেশের মধ্যে নিয়মিত পাবলিক-প্রাইভেট ইকোনমিক ডায়ালগের চতুর্থ বৈঠক ঢাকায় অনুষ্ঠানের প্রস্তাব দেন। গতকাল (২৩ জুলাই সোমবার) জাপানের রাজধানী টোকিওতে কিওই নাদামান হোটেলে জাপানের পররাষ্ট্রবিষয়ক পার্লামেন্টারি ভাইস মিনিস্টার ইয়াও হোরি এর সঙ্গে দ্বিপক্ষীয় আলোচনার সময় বাণিজ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৩)।

**৯। ভুটানের জনগণের জন্য ২০ কোটি টাকার ওষুধ পাঠাচ্ছে বাংলাদেশ : স্বাস্থ্যমন্ত্রী**

ভুটানের জনগণের জন্য এক বছরের প্রয়োজনীয় ওষুধ পাঠাচ্ছে বাংলাদেশ। আগামী সেপ্টেম্বর থেকে তিন মাসে ২০ কোটি টাকার ২৫৮ প্রকার ওষুধ সে দেশে পাঠানো হবে। গতকাল (২৩ জুলাই সোমবার) সচিবালয়ে এ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম আনুষ্ঠানিকভাবে ঢাকায় নিযুক্ত ভুটানের রাষ্ট্রদূত সোনাম টোবডেন রাবগির কাছে এ ওষুধের টোকেন হস্তান্তর করেন। অনুষ্ঠানে জানানো হয়, ২০১৭ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভুটান সফরের সময় সে দেশে ওষুধের প্রয়োজনীয়তা অনুধাবন করে এক বছরের প্রয়োজনীয় ওষুধ সরবরাহ করার প্রতিশ্রুতি দিয়েছিলেন। প্রধানমন্ত্রীর সে প্রতিশ্রুতি অনুযায়ী আগামী সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর এ তিন মাসে এ ওষুধগুলো পাঠানো হবে। বাংলাদেশ ওষুধ শিল্প মালিক সমিতির তত্ত্বাবধানে ৭১টি কোম্পানি এ ওষুধগুলো সরবরাহ করেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

**১০। উপযুক্ত প্রতিষ্ঠান ও দক্ষ শিক্ষকরাই এমপিও পাবেন : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শীঘ্রই বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসায় শিক্ষক নিয়োগের সার্কুলার জারি করা হবে। এ লক্ষ্যে জাতীয় শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ প্রস্তুতি নিচ্ছে। শিক্ষামন্ত্রী আরও বলেন, ইচ্ছা থাকা সত্ত্বেও সম্পদের সীমাবদ্ধতার কারণে ৮ বছর ধরে নতুন শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা যায়নি। তবে অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে ধারাবাহিক আলোচনার পরিপ্রেক্ষিতে অর্থপ্রাপ্তির আশ্বাস পাওয়া গেছে। এ বছর নতুন শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হবে। কেবল যোগ্য প্রতিষ্ঠান এবং দক্ষ শিক্ষকরাই এমপিওর জন্য বিবেচিত হবেন। নীতিমালার আলোকেই প্রতিষ্ঠান বাছাই করা হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮),**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**১১। উদ্যোক্তাদের জন্য সরকার ঋণের ব্যবস্থা করছে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, এখন উদ্যোক্তাদের জন্য সরকার ঋণের ব্যবস্থা করছে, কৃষি ঋণ দিচ্ছে, এসএমই ঋণ দিচ্ছে। উদ্যোগ গ্রহণ করলেই অর্থের ব্যবস্থা হবে। ইতিবাচক দিক হলো, এখন তরুণ-তরুণীরা বাণিজ্যের দিকে ঝুঁকছে। চাকরি করার চেয়ে উদ্যোক্তা হওয়া সাহসের কাজ। তিনি আরও বলেন, আজ নারীরা কাজ করে দেশের অর্থনীতিতে অবদান রাখছে। সবচেয়ে বড় রফতানিখাত গার্মেন্টসের প্রায় সব শ্রমিক নারী। তাদের মাধ্যমে রাষ্ট্র আনছে বৈদেশিক মুদ্রা। গতকাল (২৩ জুলাই সোমবার) রাজধানীর টিসিবি মিলনায়তনে ৬ হাজার উদ্যোক্তা তৈরি কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** যশোরের নওয়াপাড়া নৌবন্দর এলাকার ভৈরব নদের উপরে নির্মাণাধীন সেতুর নিম্নভাগে বালু উত্তোলনের ফলে পানিতে তীব্র ঘূর্ণন তৈরি হওয়ায় তা সরাসরি সেতুর পিলারে গিয়ে আঘাত হানছে উল্লেখ করে অবৈধভাবে বালু উত্তোলন বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

খ. **বণিকবার্তা :** নবম দিনে এসে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের হজ ফ্লাইট শিডিউল বিপর্যয়ে পড়ায় উদ্বেগ প্রকাশ করে বেসরকারি হজ এজেন্সিগুলোর গাফিলতির কারণে সৃষ্ট এ সমস্যা দূরীকরণে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **ভোরের কাগজ :** রাজধানীর গুলশানের হলি আর্টিজান বেকারিতে জঙ্গি হামলার ঘটনায় দায়ের করা মামলার বিচার যাতে দ্রুত নিষ্পন্ন হয় তার প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **প্রথম আলো** : জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের যেসব শিক্ষার্থীর শিশুসন্তান আছে তাদের জন্য কর্তৃপক্ষের ডে-কেয়ার সেন্টার চালু করাকে ভালো উদ্যোগ উল্লেখ করে অন্যান্য প্রতিষ্ঠানেও এ দৃষ্টান্ত অনুসরণ করার আহ্বান।

ঙ. **বাংলাদেশ টুডে :** স্বাস্থ্যখাতের উন্নয়নে নজর দেওয়ার সুপারিশ।

চ. **নিউ এজ :** দেশে বেকারত্বের হার হ্রাসে নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**বণিকবার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের সব অঞ্চলের দারিদ্র্যহার ও উন্নয়নে সমতা আনা হলে তা জাতীয় ঐক্য বজায় রাখতে সহায়ক হবে।

**নিবন্ধ ও ফিচার**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষাব্যবস্থায় অনিয়ম দূর করতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শুধু পরীক্ষায় উত্তীর্ণ হওয়াকে সাফল্যের মাপকাঠি মনে না করে আমাদের লাখো শিক্ষার্থীকে নৈতিক মূল্যবোধ ও দেশপ্রেমে উদ্বুদ্ধ করে একজন ভালো মানুষ হিসেবে গড়ে ওঠার শিক্ষা দিতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা